# 2024

## 2nd Semester Examination

## BENGALI (Honours)

### Paper : C 4-T

### (চৈতন্যজীবনী ও মঙ্গলকাব্য সাহিত্য পাঠ)

[CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিভাগ-ক

নিম্নলিখিত যে-কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। 'চৈতন্যচরিতে ব্যাস বৃন্দাবন দাস' — এই মন্তব্যটি কোন্ চৈতন্য জীবনীকার তাঁর কোন্ গ্রন্থে করেছেন? ১+১

২। সংস্কৃত ভাষায় লেখা প্রথম চৈতন্য জীবনী কোন্‌টি? এই গ্রন্থের রচয়িতার নাম কী? ১+১

৩। "তবে ঝাঁট দুই ব্রাহ্মণের ঘর যাই" — বক্তা কে? দুই ব্রাহ্মণ কে কে? ১+১

P.T.O.

৪। 'চৈতন্যভাগবত'-এর কোন্ অধ্যায়ে নিত্যানন্দের প্রসঙ্গ রয়েছে? তিনি কত বৎসর বয়সে তীর্থযাত্রা করেন? ১+১

৫। "দৈবে সেই নবদ্বীপে এক এক সুব্রাহ্মণ" — কাকে সুব্রাহ্মণ বলা হয়েছে? তার মেয়ের নাম কী? ১+১

৬। "আমার নগরে বৈস/যত ইচ্ছা চাষ চষ/তিনসন বহি দিও কর।" — কে, কাকে এই আশ্বাস দিয়েছেন? ১+১

৭। বন্দনা অংশে মুকুন্দরাম দেব দেবীর বন্দনার সঙ্গে কোন্ মানবের বন্দনা করেছেন? তিনি কোন্ সময়ে আবির্ভূত হয়েছেন? ১+১

৮। কালকেতু কোথায় নগর পত্তন করেছিলেন? তাঁর সঙ্গে কার যুদ্ধ হয়েছিল? ১+১

৯। "দুঃখ কর অবধান দুঃখ কর অবধান।/আমানি খাবার গর্ত্ত দেখ বিদ্যমান।।" — কে, কাকে তার দুঃখের কথা জানিয়েছে? এই দুঃখ বর্ণনা যে অধ্যায়ে রয়েছে তার নাম কী? ১+১

১০। ফুল্লরার বাবা ও মায়ের নাম কী? ১+১

১১। "গণেশ বন্দনা" অংশে ভারতচন্দ্র কোন্ কোন্ পুরাণের ব্যবহার করেছেন? ২

১২। ভারতচন্দ্র কার কাছে ফার্সি ভাষা শিক্ষা করেন? তিনি কোন্ গ্রামের জমিদার ছিলেন? ১+১

১৩। 'নগর পুড়িলে দেবালয় কি এড়াই' — কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে?

১৪। 'বিদ্যাসুন্দর'-এর কাহিনী নির্মাণে ভারতচন্দ্র কোন্ কবির, কোন্ গ্রন্থ থেকে ঋণ গ্রহণ করেছেন?

১৫। শাপগ্রস্ত বসুন্ধর মর্ত্যে কী নামে জন্মগ্রহণ করেন? তিনি কার পূর্বপুরুষ ছিলেন?

## বিভাগ-খ

নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

১৬। 'চৈতন্যভাগবত'-এর আদি খণ্ড অবলম্বনে চৈতন্যদেবের বিবাহ প্রসঙ্গের সংক্ষিপ্ত বর্ণনা দাও।

১৭। "অশ্রুপাত রোম হর্ষ হাস্য মূর্ছা ঘর্ম।/ কৃষ্ণভক্তি বিচারের যত আছে মর্ম।।" — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো।

১৮। "যদি গো অভয়া ধন নাহি দিতে পার।/এক ঘড়া ধন মাতা নিজ কাঁখে কর।।" — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো।

১৯। 'ফুল্লরার বারোমাস্যা' অংশে কবি মুকুন্দরাম নারী মনস্তত্ত্বের যে ছবিটা নিপুণভাবে অঙ্কন করেছেন কাব্য অবলম্বনে তার তাৎপর্য নিরূপণ করো।

২০। বাংলা মঙ্গলকাব্যের ধারায় 'অন্নদামঙ্গল' কাব্যের স্বাতন্ত্র্য সংক্ষেপে আলোচনা করো।

২১। 'অন্নদামঙ্গল' কাব্য অবলম্বনে 'শিবের দক্ষযজ্ঞ নাশে'র একটি সংক্ষিপ্ত বিবরণ দাও।

P.T.O.

## বিভাগ-গ

নিম্নলিখিত যে-কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও :

১০×২=২০

২২। 'চৈতন্যভাগবত' (আদিখণ্ড) অবলম্বনে জীবনসাহিত্য রচনায় বৃন্দাবন দাসের কৃতিত্ব আলোচনা করো।

২৩। 'পশুগণের ক্রন্দন' ও 'চণ্ডীর নিকটে পশুগণের দুঃখ' অংশ দু'টিতে নিপীড়িতের মর্মবেদনা প্রকাশে কবি যে কৃতিত্বের পরিচয় দিয়েছেন তার পরিচয় দাও।

২৪। 'চণ্ডীমঙ্গল' (আখেটিক খণ্ড) কাব্য রচনায় মুকুন্দরাম চক্রবর্তীর কৃতিত্ব বিচার করো।

২৫। "রাজসভাকবি রায়গুণাকরের অন্নদামঙ্গল গান রাজকণ্ঠের মণিমালার মতো"। — এই মন্তব্যের আলোকে ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যের কাব্যশৈলী বিচার করো।

---